দৈনিক বাংলা

17

তারিখ ... 1? Feb 1990 ...
পৃষ্ঠা ... কলাম ...

আদালতের রায়

# ভার্সিটি সিনেট বৈঠকের নিষেধাজ্ঞা স্থগিত

।। বিশ্ববিদ্যালয় রিপোর্টার ।।

ঢাকা বিশ্ববিদ্যালয় সিনেটের বৈঠকের উপর ঢাকার ৪র্থ সহকারী জজের নিষেধাজ্ঞা আদেশটি ৩য় অতিরিক্ত জেলা জজ স্থগিত ঘোষণা করেছেন। এর ফলে ঢাকা বিশ্ববিদ্যালয় সিনেটের বৈঠক অনুষ্ঠানের পথে এখন আর কোন আইনগত বাধা নেই।

(৩-এর পৃঃ দ্রঃ)

## ভার্সিটি সিনেট বৈঠকের নিষেধাজ্ঞা

প্রথম পৃঃ পর

গত ৭ই এপ্রিল মামলার শুনানির পর ঢাকার ৩য় অতিরিক্ত জেলা জজ জনাব মোঃ ইসমাইল মিয়া এই রায় ঘোষণা করেন।

উল্লেখ্য গত বছরের ২৮ শে জুন ঢাকা বিশ্ববিদ্যালয় সিনেটের বৈঠকের উপর নিষেধাজ্ঞা জারি করা হয়। জনাব এ কে এম. আলী রেজা ও মোঃ শহীদুল্লাহর আবেদনের পরিপ্রেক্ষিতে আদালত এই নিষেধাজ্ঞা জারি করে। এর ফলে গত বছর আর সিনেট অধিবেশন অনুষ্ঠিত হতে পারেনি।

এ বছরের জানুয়ারী মাসে নব নির্বাচিত ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির কর্মকর্তারা সিনেটকে সচল করার জন্য তৎপর হয়ে উঠেন। তাদের উদ্যোগেই ঢাকার ৩য় অতিরিক্ত জেলা জজের আদালতে সিনেট বৈঠকের উপর আরোপিত নিষেধাজ্ঞা স্থগিত করার আবেদন জানিয়ে মামলা দায়ের করা হয়। মামলার পরিপ্রেক্ষিতে শুনানি শেষে আদালত এই রায় প্রদান করে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের পক্ষে এই মামলা পরিচালনা করেন এডভোকেট জাকির আহমদ। তাকে সাহায্য করেন মোয়াজ্জেম হোসেন, মাসুমা আক্তার এবং ইদ্রিসুর রহমান।

**ডাকসুর মূলতবী সভা**

ডাকসুর মূলতবী সভা গতকাল মঙ্গলবার বিকালে ডাকসুর সভাপতি এবং ভাইস চ্যান্সেলর প্রফেসর মনিরুজ্জামান মিঞার সভাপতিত্বে তাঁর অফিস কক্ষে অনুষ্ঠিত হয়। সভায় ডাকসুর ভবিষ্যত আনুষ্ঠানিক কার্যক্রম নিয়ে আলোচনা হয়।

**বর্ষবরণ ১৩৯৭**

ঢাকা বিশ্ববিদ্যালয়ের বর্ষবরণ অনুষ্ঠানমালা আগামী ১লা বৈশাখ ১৩৯৭ সারাদিনব্যাপী ছাত্র-শিক্ষক কেন্দ্র মিলনায়তনে অনুষ্ঠিত হবে। অনুষ্ঠানের উদ্বোধন হবে সকাল সাড়ে নয়টায়।